গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরিকল্পনা শাখা-১
www.ssd.gov.bd

নং-৫৮.০০.০০০০.০৯৩.১৪.০৫৬.১৮- ৫২২ তারিখঃ ২৯ জুলাই ২০১৮খ্রি: / ১৪ শ্রাবণ ১৪২৫ ব:

বিষয়: "ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ওয়ারলেস ও টেলিকমিউনিকেশন ব্যবস্থা আধুনিকায়ন ও সম্প্রাসরণ" শীর্ষক প্রকল্পের যাচাই কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নের নিমিত্ত "ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ওয়ারলেস ও টেলিকমিউনিকেশন ব্যবস্থা আধুনিকায়ন ও সম্প্রাসরণ" শীর্ষক প্রকল্পের যাচাই কমিটির সভা গত ১৮/০৭/২০১৮ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন অত্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের সচিব জনাব ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী। সভার কার্যবিবরণী পরবর্তী কার্যার্থে এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২৯/০৭/২০১৮

(শিরিন আখতার)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯৫৬৫৫৭৫

বিতরণ ( জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নহে):

১। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ/অগ্নি/উন্নয়ন), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
৪। উপপ্রধান, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরিকল্পনা শাখা-১
www.ssd.gov.bd

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত "ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ওয়ারলেস ও টেলিকমিউনিকেশন ব্যবস্থা আধুনিকায়ন ও সম্প্রাসরণ" শীর্ষক প্রকল্পের অভ্যন্তরীণ যাচাই কমিটির সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী<br>সচিব, সুরক্ষা সেবা বিভাগ<br>স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| তারিখ | : | ১৮ জুলাই ২০১৮খ্রি: |
| সময় | : | বিকাল ০৪ঘটিকা ০০. |
| স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |

উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-'ক'তে উপস্থাপন করা হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় প্রথমে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের আধুনিক টেলিযোগাযোগ সিস্টেম এবং আধুনিক ফায়ার ফাইটিং যন্ত্রপাতির প্রয়োজনীয়তার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপপ্রধান জানান যে, প্রস্তাবিত প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ৫৯৩২২.২২ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল এপ্রিল ২০১৮ হতে জুন ২০২০ পর্যন্ত। প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়নের জন্য প্রস্তাব করা হয়েছে। প্রকল্পটি ২০১৮-২০১৯অর্থবছরের এডিপি'তে বরাদ্দবিহীনভাবে অননুমোদিত প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত আছে।

০২। আলোচ্য বিষয়ে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, একটি ডিজিটাল জরুরি রেডিও ট্রাকিং যোগাযোগ ব্যবস্থার মাধ্যমে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগের রেসকিউ ক্ষমতা বৃদ্ধি করা সম্ভব। এ সিস্টেমটি নির্বাচিত ফায়ার স্টেশনসমূহে স্থাপন করা হলে ভূমিকম্পে উদ্ধার, কার্যকরী কমান্ড ও সমন্বয় করা সম্ভব হবে। কাজেই, পরীক্ষামূলকভাবে নির্বাচিত উপজেলাসমূহে এবং পর্যায়ক্রমে সারা দেশে অবস্থিত ফায়ার স্টেশনসমূহকে এ সিষ্টেমের আওতায় আনা যেতে পারে। এ বিষয়ে তিনি সভাকে আরো অবহিত করেন যে, চীনের সহায়তায় একটি প্রকল্প গ্রহণের নিমিত্ত PDPP প্রণয়ন করে অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হলে পরিকল্পনা কমিশন এর ২২-০২-২০১৭ তারিখের ২০. ২২২ .০১৪ .০০.০০.০০৮.২০১৭-৮৭সংখ্যক স্মারকে নিজস্ব অর্থায়নে বাস্তবায়নযোগ্য প্রকল্প প্রস্তাব প্রণয়নে সদয় পরামর্শ প্রদান করা হয়েছে। সে অনুযায়ী আলোচ্য প্রকল্পটি জিওবি অর্থায়নে বাস্তবায়নের নিমিত্ত প্রস্তাব করা হয়েছে।

০৩। প্রস্তাবিত প্রকল্পের ডিটেইল ফিজিবিলিটি স্টাডি করা হয়েছে কিনা, বাংলাদেশের মত সমপর্যায়ের কোন কোন দেশসমূহে এ প্রযুক্তি ব্যবহার করা হচ্ছে, যেসকল দেশে ব্যবহার হচ্ছে তাদের বাজার দরের সাথে সামঞ্জস্যতা আছে কিনা এ সকল বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে উপ প্রধান জানান যে, সীমিত আকারে আউট সোর্সিং এর মাধ্যমে ফিজিবিলিটি স্টাডি করা হয়েছে। তবে বাংলাদেশের প্রেক্ষাপটে লাগসই ও নতুন প্রযুক্তি গ্রহণের বিষয়ে পূর্ণাঙ্গ স্টাডি প্রয়োজন। সমজাতীয় দেশে ব্যবহারের বিষয়ে ফায়ার সার্ভিস ও সিভিল

ডিফেন্স এর পরিচালক (পরিকল্পনা) জানান যে, বিস্তারিতভাবে এখনো স্টাডি করা হয়নি। সমজাতীয় দেশের ব্যবহার এবং বাজার দর যাচাইয়ের বিষয়ে স্টাডি করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

০৪। আলোচনায় অংশ নিয়ে উপপ্রধান জানান যে, প্রস্তাবিত প্রকল্পের আওতায় ২৮২টি ফায়ার স্টেশন অন্তর্ভুক্ত করা হয়েছে, অবশিষ্ট ফায়ার স্টেশন অন্তর্ভুক্ত করা, সুরক্ষা সেবা বিভাগের বাৎসরিক উন্নয়ন বাজেটের সাথে এ প্রকল্পের প্রস্তাবিত বাজেট এবং মেয়াদকাল সামঞ্জস্যপূর্ণ করা, ক্রয় পদ্ধতি সুনির্দিষ্ট করাসহ এ অধিদপ্তরের নতুন প্রকল্পের সাথে ট্রাংকিং সিস্টেম কিভাবে সমন্বয় হবে তার রূপরেখা ডিপিপিতে অন্তর্ভুক্ত করা আবশ্যক। এছাড়া, তিনি আরো উল্লেখ করেন যে, ডিপিপি বাংলায় করা হলেও কমিটির গঠন ইংরেজীতে করা হয়েছে, যা বাংলায় করাসহ মুদ্রণজনিত ও হিসাবজনিত ভুলত্রুটি সংশোধন করা প্রয়োজন।

০৫। <u>বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়</u> :

(৫.১) প্রস্তাবিত প্রকল্পের ডিটেইল ফিজিবিলিটি স্টাডি করা;

(৫.২) বাংলাদেশের সমপর্যায়ের দেশসমূহে ব্যবহৃত টেলিকমিউনিকেশন সিস্টেমের আন্তর্জাতিক বাজার দর যাচাই করা;

(৫.৩) প্রস্তাবিত প্রকল্পের আওতায় দেশের চালুকৃত সকল ফায়ার স্টেশন অন্তর্ভুক্ত করা;

(৫.৪) সুরক্ষা সেবা বিভাগের বাৎসরিক উন্নয়ন বাজেটের সাথে এ প্রকল্পের প্রস্তাবিত বাজেট এবং মেয়াদকাল সামঞ্জস্যপূর্ণ করা;

(৫.৫) ক্রয় পদ্ধতি OTM করা;

(৫.৬) নতুন প্রস্তাবিত প্রকল্পের সাথে ট্রাংকিং সিস্টেম কিভাবে সমন্বয় হবে তার রূপরেখা ডিপিপিতে অন্তভুক্ত করা;

(৫.৭) ডিপিপির কমিটির গঠন বাংলায় করাসহ মুদ্রণজনিত এবং হিসাবজনিত ভুলত্রুটি সংশোধন করা;

(৫.৮) সভার সিদ্ধান্ত মোতাবেক ডিটেইল ফিজিবিলিটি স্টাডি এবং বাজার দর যাচাই করার পর নতুন করে ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করা এবং পুনরায় যাচাই কমিটির সভা আহ্বান করা।

০৬। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১।৭।১৬

(ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরিকল্পনা শাখা-১

১৮ জুলাই ২০১৮ তারিখ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নের জন্য প্রস্তাবিত "দেশের উত্তর অঞ্চলে (রাজশাহী, রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগে) গুরুত্বপূর্ণ উপজেলা/থানা সদর/স্থানে ৩২টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন নির্মাণ", "দেশের দক্ষিণ অঞ্চলে (ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও বরিশাল বিভাগে) গুরুত্বপূর্ণ উপজেলা/থানা সদর/স্থানে ৮০টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন নির্মাণ" এবং "ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ওয়ারলেস ও টেলিকমিউনিকেশন ব্যবস্থা আধুনিকায়ন ও সম্প্রাসরণ" শীর্ষক প্রকল্পের ডিপিপি'র ওপর যাচাই-বাছাই কমিটির সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা:

| ক্র: নং | নাম ও পদবি | প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | প্রদীপ রঞ্জন চক্রবর্তী<br>অতিরিক্ত সচিব | সুরক্ষা সেবা বিভাগ | ০১৭১৫০০৫৫৪৯১ | [illegible] |
| ২. | মো: আতাউল হক<br>প্রধান সমন্বয়ক | FSCD | 0172-007-0332 | [illegible] |
| ৩. | মো: জহিরুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (উন্নয়ন) | SSD | 01729-097143 | [illegible] |
| ৪. | মনিরুল আলম<br>যুগ্ম সচিব (প্রকা: ও বাজে) | SSD | 01711-854831 | [illegible] |
| ৫. | এ.এস.এম. মুনাওয়ার<br>সিনিয়র সহকারী | PND | 01777910199 | [illegible] |
| ৬. | বিশ্বজিৎ বড়ুয়া | DOA | 01772500800 | [illegible] |
| ৭. | খন্দকার মুহাম্মদ আরিফ | FSCD | 01777770482 | [illegible] |
| ৮. | মাহিত কুমার ভৌমিক | FSCD | 05819276807 | [illegible] |
| ৯. | Lt Col Zulfiker Rahman (Dir) | FSCD | 01713145070 | [illegible] |
| ১০. | মোহাম্মদ মনিরুজ্জামান<br>সহকারী প্রধান | SSD | 01875001300 | Monir [illegible] |
| ১১. | জিবিন খানম<br>সি: সহ: প্রধান | সুসেবি | 01716323188 | [illegible] |
| ১২. | ব্রি: জেনা: আলী আহমেদ খান<br>DG. | FSCD | 01730002321 | [illegible] |